গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শের-ই-বাংলা নগর, ঢাকা- ১২০৭
www.techedu.gov.bd

নং- ৫৭.০৩.০০০০.০৪৬.১১.১২৫.২৪- ২৪৬ তারিখ: ০৫/০৭/২০২৬ খ্রি.

## নিয়োগ আদেশ

কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভাগীয় নিয়োগ/পদোন্নতি/উচ্চতর গ্রেড প্রদান কমিটির ১৯/০৪/২০২৬ খ্রি. তারিখ সভায় সুপারিশকৃত এবং সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন ও স্বাস্থ্য সনদ প্রাপ্ত নিম্নবর্ণিত প্রার্থীকে **ল্যাব এ্যাসিসট্যান্ড (পদার্থ ও রসায়ন)** (জাঃ বেঃ স্কেল ২০১৫ অনুযায়ী গ্রেড-১৭, বেতন স্কেল: ৯০০০-২১৮০০/-) অস্থায়ী রাজস্বখাতভুক্ত পদে ২ নং অনুচ্ছেদের শর্তসাপেক্ষে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলোঃ

| ক্র. নং | প্রার্থীর রোল নং | প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম এবং জন্ম তারিখ | স্থায়ী ঠিকানা | পদায়নকৃত প্রতিষ্ঠানের নাম |
|---|---|---|---|---|
| ১ | 17000034 | নাম: সজিব আলী<br>পিতা: কামাল উদ্দীন<br>মাতা: সাফিউন নেসা<br>জন্ম তারিখ: ০৭/০৮/২০০১ | প্রযত্নে:<br>গ্রাম: বংপুর<br>ডাকঘর: চোরখৈর<br>উপজেলা: তানোর<br>জেলা: রাজশাহী | বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজ |

২. **নিয়োগের শর্তাবলি:**

ক) যোগদানের তারিখ থেকে এ নিয়োগ কার্যকর হবে। যোগদানের সময়ে চাকরির আবেদন পত্র (রঙ্গিন কপি), প্রবেশ পত্র (রঙ্গিন কপি), নিয়োগ পত্র, যোগদান পত্র, সাম্প্রতিক ৬ মাসের মধ্যে তোলা ২ কপি রঙ্গিন ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদ ও জাতীয় পরিচয়পত্রের ফটোকপি দাখিল করতে হবে;

খ) তাঁকে ০২ (দুই) বছর শিক্ষানবিশ হিসাবে কাজ করতে হবে। প্রয়োজনে সরকার এ শিক্ষানবিশকাল অনূর্ধ্ব দুই বছর বর্ধিত করতে পারবে। শিক্ষানবিশকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ছাড়াই তাঁর চাকরির অবসান ঘটাইতে পারিবে;

গ) চাকরিতে তাঁর জ্যেষ্ঠতা সংশ্লিষ্ট পদের জন্য প্রচলিত বিধি অনুযায়ী নির্ধারিত হবে;

ঘ) কোনো শিক্ষানবিসকে কোনো নির্দিষ্ট পদে স্থায়ী করা যাইবে না যতক্ষণ না, সরকারি আদেশবলে, সময়ে সময়ে, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন;

ঙ) পরবর্তীতে যে কোন সময় প্রার্থীর যোগ্যতার শর্তের অপূর্ণতা, দুর্নীতি, জালিয়াতি, অসত্য তথ্য প্রদান, তথ্য গোপন বা অন্য কোন ক্ষেত্রে যেমন যাচিত কাগজপত্রাদি যথাযথ না থাকলে বা কোনো গুরুতর (Substantive) ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে তার নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে যে কোন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

চ) চাকরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি অঙ্গীকারনামা সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোনো যৌতুক নিবেন না এবং কোনো যৌতুন দিবেন না;

ছ) The Government Servants (Conduct) Rules 1979 এর ১৩(১) উপবিধি অনুযায়ী তাঁর ও তাঁর পরিবারের সদস্যদের মালিকানাধীন/দখলে থাকা সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র তাঁকে চাকুরিতে যোগদানের সময় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে। এছাড়া ১৩(২) উপবিধি অনুযায়ী প্রতি পাঁচ বছর পর পর ডিসেম্বর মাসে প্রদর্শিত সম্পত্তির হ্রাস/বৃদ্ধির হিসাব বিবরণী যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে;

জ) যদি তিনি কোন বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

ঝ) এ নিয়োগ পত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তার চাকরি সংক্রান্ত কোন বিষয় সরকারের প্রচলিত আইন, বিধি-বিধান, প্রজ্ঞাপন, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে;

ঞ) চাকরিতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;

(ট) অনুচ্ছেদ ২-এ উল্লিখিত শর্তাবলি তার নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী **১৫ জুলাই, ২০২৬ খ্রি.** নির্ধারিত তারিখে নামের পার্শ্বে বর্ণিত প্রতিষ্ঠানের অধ্যক্ষ বরাবর যোগদান পত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেওয়া হবে এবং তার নিয়োগপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৫.৭.২৩

(আবুল খায়ের মোঃ আক্কাস আলী)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোনঃ ০২-৪১০২৪৫৯৬

**নং- ৫৭.০৩.০০০০.০৪৬.১১.১২৫.২৪- ২৪৩** **তারিখ: ০৫/০৭/ ২০২৬ খ্রি.**

**সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-**

১) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) অতিরিক্ত সচিব (প্রশাসন/ কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩) পরিচালক (প্রশাসন/ পিআইইউ/ পিআইডব্লিউ/ পরিকল্পনা ও উন্নয়ন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৪) অধ্যক্ষ, .......... ইঞ্জিনিয়ারিং কলেজ। [প্রার্থীর যোগদান পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে যোগদানের প্রতিবেদন এ অধিদপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো]
৫) চিফ অ্যাকাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, চিফ অ্যাকাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা-১০০০।
৬) ডিভিশনাল কন্ট্রোলার অব অ্যাকাউন্টস (ডিসিএ), ....................।
৭) ডিস্ট্রিক্ট অ্যাকাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, ......................।
৮) উপজেলা হিসাব রক্ষণ অফিসার, ...............................।
৯) সহকারী পরিচালক (১/২/৩/৫/৬/৭/৮/৯/১০/১১/১২), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
১০) ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (নিয়োগ পত্রটি এ অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১১) মহাপরিচালক এর ব্যক্তিগত কর্মকর্তা, মহাপরিচালক-এর দপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২) প্রশাসনিক কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
১৩) জনাব .........................................................।
১৪) সংরক্ষণ নথি।

০৫.৭.২৩

(আবুল খায়ের মোঃ আক্কাস আলী)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোনঃ ০২-৪১০২৪৫৯৬